সর্বোচ্চ করদাতার সম্মাননা পেলেন কুষ্টিয়ার মডার্ন প্লাইউড’র বাবু

সর্বোচ্চ মূল্য সংযোজন করদাতা (ভ্যাট) হিসেবে কুষ্টিয়ার মডার্ন প্লাইউড অ্যান্ড উড প্রোসেসিং কোম্পানি লিমিটেডকে (উৎপাদন খাতে) সম্মাননা দিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড।

শনিবার সকালে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোরের আম্রকাননে কুষ্টিয়ার মডার্ন প্লাইউড অ্যান্ড উড প্রোসেসিং কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান আকরাম হোসেন বাবুর হাতে এই সম্মাননা তুলে দেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সদস্য হোসেন আহমদ।

এসময় তিনি বলেন, ‘রাষ্ট্র পরিচালনাসহ রাষ্ট্রের উন্নয়ন কর্মকাণ্ড অব্যাহত রাখতে রাজস্ব একটি অপরিহার্য উপাদান। রাষ্ট্রের নানাবিধ ব্যয় নির্বাহ এবং উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য যে অর্থের প্রয়োজন, তার সিংহভাগই আসে অভ্যন্তরীণ রাজস্ব থেকে। আর এই রাজস্বের অন্যতম উৎস হচ্ছে ভ্যাট। একটি উন্নত দেশ গড়তে ইঞ্জিন হিসেবে কাজ করে ভ্যাট। ভ্যাট দেওয়া এখন অনেক সহজ হয়েছে। তবে আগে আইন কঠিন ছিল। প্রয়োজনে আইন আরও সহজ করা হবে। তাই সবাইকে বলব, নির্ভয়ে ভ্যাট দিন।’

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোরের কমিশনার মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বেনাপোল কাস্টমস হাউসের কমিশনার আব্দুল হাকিম। স্বাগত বক্তব্য রাখেন কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট যশোরের অতিরিক্ত কমিশনার জুয়েল আহমেদ, যুগ্ম কমিশনার মোহাম্মদ সেলিম শেখ।

অনুষ্ঠানে জনগণকে ভ্যাট দিতে উৎসাহিত করতে উৎপাদন, সেবা ও ব্যবসায়ীসহ তিনটি খাতে ২০২০-২১ সালের ২১টি প্রতিষ্ঠানকে সেরা ভ্যাটদাতার সম্মাননা দেওয়া হয়।